



মোঃ মাকরুজ্জামান  
জনসংযোগ কর্মকর্তা  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট-৯৩৫১  
ওয়েব সাইট : [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)  
ফেইজ বুকপেজঃ  
মোংলা বন্দর সংবাদ "Mongla Port News"  
ইমেইল : [prompa6@gmail.com](mailto:prompa6@gmail.com)  
মোবাইল নম্বর : 01740-625740

## প্রেস রিলিজ

মোংলা বন্দর প্রতিষ্ঠিত হওয়ার পর প্রথম মোংলা বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন এর সভাপতিত্বে বন্দরে কর্মরত সকল নারী কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে তাদের কর্মপদ্ধতি, কর্মপরিবেশ ও সুযোগ-সুবিধা সংক্রান্ত বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশ গ্রহণকারী নারী কর্মকর্তা-কর্মচারীগণ তাদের বিভিন্ন সুবিধা-অসুবিধার কথা তুলে ধরেন। তাদের অনেকে মতামত প্রকাশ করেন যে নারীর কর্মক্ষেত্রে হিসেবে মোংলা বন্দর উপযুক্ত তবে আরো কিছু সুবিধা বৃদ্ধি করলে নারী কর্মীদের জন্য আরোও বেশি সহায়ক হবে। আলোচনা সমূহের মধ্যে নারীদের জন্য পৃথক নামাজের ঘর ও ওয়াশরুম, মধ্যাহ্ন ভোজের জন্য আলাদা খাবার রুম, মোংলা বন্দরের উন্নয়নমূলক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততা বৃদ্ধি, বিভিন্ন অনুষ্ঠান ও মেলা সমূহে অংশ গ্রহন আরো বৃদ্ধি করণ, বাচ্চাদের জন্য "ডে-কেয়ার সেন্টার" তৈরি, প্রফেশনাল ট্রেনিং এর ব্যবস্থা (দেশ ও বিদেশে), এছাড়াও নারীদের কর্মকাণ্ডকে আরো বেশি উৎসাহ প্রদানের লক্ষে মোংলা বন্দরের পক্ষ থেকে নারী দিবস ও মা দিবস উদযাপন করা।

মতবিনিময় সভায় বন্দর চেয়ারম্যান কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন, নারী কর্মকর্তা ও কর্মচারীদের কথা মনযোগ সহকারে শোনেন এবং তাদের উত্থাপিত বিষয়গুলি সমাধানের আশ্বস্ত করেন, তিনি উপস্থিত সকলকে ই-ফাইলিং এর কার্যক্রম বৃদ্ধি, সততা ও নিষ্ঠার সাথে নিজ দায়িত্ব পালনের মাধ্যমে বন্দরের কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য আহবান জানান।

  
জনসংযোগ কর্মকর্তা